

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
জেলা সরকারি গণগ্রন্থাগার  
মৌলভীবাজার  
publiclibrary.moulvibazar.gov.bd

ভবিষ্যত পরিকল্পনাসমূহ

নং	বিষয়	সেবাসমূহ
১	সর্বস্তরের জনগণকে বইপাঠে আগ্রহী করা	মৌলভীবাজার জেলার সর্বস্তরের জনগণকে বইপাঠে আগ্রহী করার মাধ্যমে সুশিক্ষিত, দায়িত্বশীল, সচেতন ও সুনাগরিক হিসেবে গড়ে তোলা।
২	গ্রন্থাগার ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণ	দীর্ঘমেয়াদি পরিকল্পনার আওতায় গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিদ্যমান ভবনসমূহের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্পের আওতায় জেলা সরকারি গণগ্রন্থাগার, মৌলভীবাজার কার্যালয়ের বিদ্যমান ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে অধিক পাঠকসেবা নিশ্চিত করা।
৩	প্রয়োজনীয় আসবাবপত্র ও যন্ত্রপাতি সংযোজন	স্বল্পমেয়াদি পরিকল্পনার আওতায় গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিদ্যমান গ্রন্থাগারসমূহে প্রয়োজনীয় আসবাবপত্র/যন্ত্রপাতি সরবরাহকরণ শীর্ষক কর্মসূচির আওতায় জেলা সরকারি গণগ্রন্থাগার, মৌলভীবাজার কার্যালয়ের বিদ্যমান পাঠকক্ষে পাঠক প্রয়োজনীয় আসবাবপত্র/যন্ত্রপাতি সরবরাহের মাধ্যমে অধিক পাঠকসেবা নিশ্চিত করা
৪	অনলাইন পাবলিক লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন	গণগ্রন্থাগার অধিদপ্তরের সহযোগিতায় 'অনলাইন পাবলিক লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম এবং সংশ্লিষ্ট কাজ বাস্তবায়ন' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে জেলা সরকারি গণগ্রন্থাগার, মৌলভীবাজার কার্যালয়ের ডিজিটালাইজেশন সম্পন্ন করা
৫	আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে গ্রন্থাগার সেবা প্রদান	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে জেলা সরকারি গণগ্রন্থাগার, মৌলভীবাজার কার্যালয়ে প্রয়োজনীয় সবধরনের আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা
৬	আধুনিক তথ্য-নির্ভর সমাজ বিনির্মাণ	আধুনিক সমাজ তথ্য নির্ভর সমাজ। তথ্য বিস্ফোরণের এই যুগে প্রতিনিয়ত নিত্য-নতুন তথ্য আমাদের জানতে হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কল্যাণে আমরা খুব সহজেই আমাদের প্রয়োজনীয় তথ্যগুলো পেয়ে যাই। প্রযুক্তির এই আর্শীবাদকে কাজে লাগিয়ে গ্রন্থাগারকে জনগণের জন্য একটি তথ্যকেন্দ্র হিসেবে গড়ে তোলা।
৭	উপজেলা পর্যায়ে সরকারি গণগ্রন্থাগার স্থাপন	'উপজেলা সংস্কৃতি কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পের অধীনে গণগ্রন্থাগার অধিদপ্তরের সহযোগিতায় মৌলভীবাজার জেলার প্রতিটি উপজেলায় উপজেলা সরকারি গণগ্রন্থাগার প্রতিষ্ঠার মাধ্যমে উপজেলা গণগ্রন্থাগারের সুবিধা নিশ্চিত করা।
৮	প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনী	প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনী মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে শিক্ষামূলক প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন।
৯	মাল্টিপারপাস হল নির্মাণ	বিভিন্ন সেমিনার, সিম্পোজিয়াম, সিনেপ্লেক্স, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি আয়োজনের জন্য একটি মাল্টিপারপাস হল নির্মাণ
১০	সার্বিক উন্নতি সাধন	পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা এবং গ্রন্থাগারের সার্বিক পরিবেশের উন্নতি সাধন করা।
১২	সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গঠন	মানুষের মানবিক মূল্যবোধ জাগ্রতকরণ, উন্নত জীবনবোধ গঠন, চিন্তার স্বাধীনতা, বিবেকের স্বচ্ছতা, জ্ঞানের ব্যাপকতা, দেশপ্রেম, নীতি-নৈতিকতা, উন্নত চরিত্র এককথায় একজন আদর্শ মানুষ হিসেবে গড়ে উঠতে এবং সর্বোপরি একটি সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে কাজ করা।

